

কারমাইকেল কলেজে  
শিক্ষকের ৬৮টি  
পদ শূন্য

রংপুর সংবাদদাতা জানান, রংপুর কারমাইকেল কলেজে বর্তমানে শিক্ষকের ৬৮টি পদ শূন্য রহিয়াছে। বর্তমানে উর্দু বিভাগে শিক্ষক নাই। ইসলামের ইতিহাস বিভাগে মাত্র একজন প্রভাষক, প্রদর্শনবিদ্যা বিভাগে একজন অধ্যাপক, উদ্ভিদ বিদ্যা বিভাগে একজন সহযোগী অধ্যাপক ও হিসাব বিজ্ঞান বিভাগে একজন সহকারী অধ্যাপক আছেন। আরবী, উর্দু, দর্শন ও সমাজ-বিজ্ঞান ব্যতীত প্রতিটি বিভাগে ৫ জন করিয়া অতিরিক্ত শিক্ষকের পদ সৃষ্টি করা হইলেও ঐ সকল পদে কোন শিক্ষক নিয়োগ করা হয় নাই। শিক্ষক (৪৭ পৃ:স্র:)

কারমাইকেল কলেজ

(৩য় পৃ: পর)

স্বল্পতার কারণে বিভিন্ন বিভাগ বিশেষ করিয়া বাংলা, ইংরেজী, রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস, সমাজ বিজ্ঞান প্রভৃতি বিষয়ের ছাত্র ছাত্রীদের লেখাপড়া দারুন-ভাবে ব্যাহত হইতেছে।

25